# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

০২ নং অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.bov.bd, Fax: 58616681, 58617908, 9615576


স্মারক নং-বামাশিবো/কমন/আর-৭১/আংশিক-২/৭৩১ তারিখঃ ২৪/০৫/২০১৬খ্রিঃ

## ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে আলিম শ্রেণিতে ভর্তির আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নং- শাঃ ৬/১৩ বিবিধ-২৮/২০০৭(অংশ-১)/৬০৫; তারিখঃ ১২/০৫/২০১৬ খ্রিঃ স্মারকের পত্রে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা- ২০১৬ জারি করা হয়েছে (নীতিমালাটি বোর্ডের ওয়েব সাইট- www.bmeb.gov.bd তে দেয়া আছে)।

উক্ত নীতিমালার আলোকে "বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটি" কর্তৃক ভর্তির নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে, যা সকল শিক্ষা বোর্ডের জন্য সমভাবে প্রযোজ্য। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে আলিম শ্রেণিতে ভর্তির জন্য Online অথবা SMS এর মাধ্যমে আবেদন করতে হবে।

এ সংক্রান্ত ভর্তি নির্দেশিকাটি বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের ওয়েব সাইট- www.bmeb.gov.bd এবং www.xiclassadmission.gov.bd তে পাওয়া যাবে। প্রয়োজনে Helpline এর সাহায্য নেয়া যেতে পারে। Helpline এর নম্বরসমূহঃ **০১৭৫৭-২৯১২৮১, ০১৭৫৭-২৯১২৮২, ০১৭৫৭-২৯১২৮৩।**

২৪/৫/১৬

প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৫৮৬১০২১৬

স্মারক নং-বামাশিবো/কমন/আর-৭১/আংশিক-২/৭৩১/১০ তারিখঃ ২৪/০৫/২০১৬খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (মাদরাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ. দা.), বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. জনাব মোঃ আমির উদ্দিন, প্রোগ্রামার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
(বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৮. সুপার/অধ্যক্ষ, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল মাদরাসা।
৯. Helpline এর সকল সদস্য, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. অফিস কপি।

24.5.16

মোঃ কামাল উদ্দিন
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৫৪০৩

# বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি
# (www.xiclassadmission.gov.bd)

## ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, দিনাজপুর, বাংলাদেশ মাদরাসা ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

# একাদশ শ্রেণিতে ভর্তি নির্দেশিকা

## (২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ)

### ভর্তি বিষয়ক ওয়েবসাইট

**www.xiclassadmission.gov.bd**

### সাধারণ নির্দেশনা

- ► গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল কলেজ/মাদরাসা/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অন-লাইন অথবা SMS-এর মাধ্যমে আবেদন করা যাবে।
- ►২৬ মে হতে ০৯ জুন, ২০১৬ তারিখের মধ্যে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থীদের অন-লাইন/SMS/উভয় পদ্ধতিতে আবেদন করা যাবে।
- ► ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমের সময়সূচি, ভর্তি নির্দেশিকা, আবেদনের নিয়মাবলী এবং ফলাফল নির্ধারিত ওয়েবসাইট **(www.xiclassadmission.gov.bd)** এবং স্ব স্ব বোর্ডের ওয়েবসাইট থেকেও জানা যাবে।
- ►এই ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন বা বাতিল করার অধিকার বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ►অন-লাইনে সর্বোচ্চ ১০টি কলেজ/মাদরাসা/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে আবেদনের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) এবং SMS-এর মাধ্যমে প্রতি আবেদনের জন্য ১২০/- (একশত বিশ টাকা) আবেদন ফি প্রদান করতে হবে। SMS পদ্ধতিতে সর্বোচ্চ ১০টি আবেদন করা যাবে।
- ►অন-লাইন/SMS আবেদনে শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন/চূড়ান্ত ভর্তি বাতিল করার অধিকার বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ►শিক্ষার্থীদের আবেদনের (অন-লাইন/SMS) ক্ষেত্রে একই মোবাইল নম্বর ব্যবহার করতে হবে। মোবাইল সিম অবশ্যই বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধিত হতে হবে।

## ১। ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন ঃ

১.১ ২০১৪, ২০১৫, ২০১৬ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩, ২০১৪, ২০১৫, ২০১৬ সালে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলী পূরণ সাপেক্ষে কলেজ/সমমানের প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য যোগ্য বিবেচিত হবে।

১.২ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ গ্রুপ নির্বাচন করতে পারবে, যথাঃ

i) সাধারণ শিক্ষা বোর্ডের ভর্তির ক্ষেত্রেঃ
- (ক) বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোন একটি;
- (খ) মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোন একটি এবং
- (গ) ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপ যে কোন একটি।

ii) মাদরাসা শিক্ষা বোর্ডের ভর্তির ক্ষেত্রেঃ
- (ক) বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ শিক্ষা বোর্ডের বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা এবং মাদরাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান, সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোন একটি;
- (খ) সাধারণ গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ শিক্ষা বোর্ডের মানবিক ও ব্যবসায় শিক্ষা এবং মাদরাসা শিক্ষা বোর্ডের সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোন একটি;
- (গ) মুজাব্বিদ গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ শিক্ষা বোর্ডের মানবিক ও ব্যবসায় শিক্ষা এবং মাদরাসা শিক্ষা বোর্ডের সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোন একটি;
- (ঘ) দাখিল (ভোক) গ্রুপ থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা মাদরাসা শিক্ষা বোর্ডের সাধারণ গ্রুপ ও মুজাব্বিদ গ্রুপের যে কোন একটি;

iii) কারিগরি শিক্ষা বোর্ডের ভর্তির ক্ষেত্রেঃ
- (ক) এসএসসি (বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা/ভোকেশনাল), দাখিল/দাখিল ভোক সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা এইচএসসি (বিএম)/ডিপ্লোমা-ইন-কমার্স গ্রুপের যে কোন একটি;
- (খ) এসএসসি (ভোক)/দাখিল (ভোক) গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী সাধারণ শিক্ষা বোর্ডের বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা এবং কারিগরি শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক গ্রুপের যে কোন একটি;
- (গ) এসএসসি (ভোক)/দাখিল (ভোক) গ্রুপ থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা এইচএসসি (ভোকেশনাল) গ্রুপের যে কোন একটি

## ২। অন-লাইন এ ভর্তির আবেদন দাখিলের জন্য করণীয়ঃ

| ধাপসমূহ | অনলাইনে আবেদনের জন্য করণীয় |
|---|---|
| **২.১ অন-লাইনে আবেদনের ফি প্রদান পদ্ধতি** | অন-লাইনে আবেদনের পূর্বে শিক্ষার্থীকে শুধুমাত্র টেলিটকের মোবাইল (প্রি-পেইড) ব্যবহার করে অন-লাইনের আবেদন ফি SMS এর মাধ্যমে প্রদান করতে হবে। প্রার্থীকে তার এসএসসি/সমমানের পরীক্ষার রোল নম্বর, বোর্ড, পাসের সন এবং রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে টেলিটকের সিমের মাধ্যমে ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) ফি জমা প্রদান করতে হবে। মোবাইলের Message (Option)-এ গিয়ে নিম্নলিখিত নিয়মে আবেদন ফি প্রদান করতে হবেঃ<br><br>CAD <space> WEB <space> Board <space> Roll <space> Year <space> Reg. No. লিখে 16222 নম্বরে Send করতে হবে।<br><br>ফিরতি SMS এ আবেদনকারীর নাম, শিক্ষা বোর্ড, পাসের সন এবং রোল নম্বরসহ আবেদন ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) কেটে নেয়া হবে তা জানিয়ে একটি PIN কোর্ড প্রদান করা হবে। ফি প্রদানে সম্মত থাকলে Message অপসন (Option) এ যেয়ে CAD <space> Yes <space> PIN <space> Contact Mobile Number (বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধনকৃত মোবাইল নম্বর) লিখে 16222 নম্বরে Send করতে হবে। ফি সঠিকভাবে জমা হলে প্রার্থীর মোবাইলে নিশ্চিতকরণের একটি Transaction ID সহ SMS যাবে।<br><br>উদাহরণঃ CAD WEB DHA 123456 2016 1523678902<br>ব্যাখ্যা ঃ এখানে DHA-এসএসসি/সমমান পরীক্ষা পাসের বোর্ডের (Dhaka) নামের প্রথম তিন অক্ষর, 123456 -আবেদকারীর এসএসসি/সমমান পরীক্ষা পাসের রোল নম্বর, 2016- এসএসসি/সমমান পরীক্ষা পাসের সন, 1523678902- রেজিস্ট্রেশন নম্বর।<br>উদাহরণঃ CAD YES 1258234 015 # # # # # # # #<br>এখানে 1258234- PIN এবং 01769156644- শিক্ষার্থীর/অভিভাবকের মোবাইল নম্বর। |

| ধাপসমূহ | অনলাইনে আবেদনের জন্য করণীয় |
|---|---|
| | ▪ <u>বোর্ডের নামের প্রথম তিন অক্ষরঃ</u><br>Dhaka Board এর জন্য DHA, Comilla Board এর জন্য COM, Rajshahi Board এর জন্য RAJ, Jessore Board এর জন্য JES, Chittagong Board এর জন্য CHI, Barisal Board এর জন্য BAR, Sylhet Board এর জন্য SYL, Dinajpur Board এর জন্য DIN, Madrasha Board এর জন্য MAD, Technical Education Board এর জন্য TEC এবং Bangladesh Open University এর জন্য BOU।<br><br>এখানে উল্লেখ্য যে, ৯ জুন, ২০১৬ রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত অন-লাইনে আবেদন করা যাবে। |
| ২.২ অন-লাইনে আবেদন Submit পদ্ধতি | (ক) টেলিটকের মাধ্যমে আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) জমা দেয়ার পর আবেদনকারীকে নির্ধারিত website-এ (www.xiclassadmission.gov.bd) যেয়ে **Apply Online**-এ **Click** করতে হবে; এরপর প্রদর্শিত তথ্য ছকে এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ড, পাসের সন ও রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীর দেয়া তথ্য সঠিক হলে সে তার ব্যক্তিগত তথ্য ও এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA দেখতে পাবে। এরপর নিজের/অভিভাবকের ব্যবহৃত যে কোন বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধকৃত মোবাইল নম্বর এবং কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) দিতে হবে। এই মোবাইল নম্বরের মাধ্যমে বিভিন্ন সময়ে প্রার্থীকে SMS প্রেরণ করা হবে বিধায়-নম্বরটি নিশ্চিত হওয়ার জন্য ২ বার এন্ট্রি দিতে হবে। অতঃপর তাকে ভর্তিচ্ছু শিক্ষা প্রতিষ্ঠান, গ্রুপ, শিফট এবং ভার্সন Select করতে হবে। এভাবে শিক্ষার্থী ইচ্ছানুযায়ী নির্দিষ্ট সংখ্যক কলেজে/মাদরাসায় (ভর্তিচ্ছু কলেজ সম্পর্কে সম্পূর্ণ অবগত হয়ে সর্বোচ্চ ১০টি কলেজ) Select করতে পারবে। শেষে আবেদন ফরমটি অন-লাইনে Submit করা হলে আবেদনকারীর নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর কলেজ/গ্রুপ/শিফট/ভার্সন কোটা ইত্যাদি তথ্যসহ একটি ফরম পাওয়া যাবে। আবেদনকারী চাইলে উক্ত ফরমটি Download করে প্রিন্ট (Print) নিতে পারবে। আবেদনটি সফলভাবে Submit করা হলে আবেদনকারী তার প্রদত্ত মোবাইলে একটি নিশ্চিতকরণ SMS পাবে।<br><br>আবেদনকারী অন-লাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) আবেদন ফি জমা সাপেক্ষে সর্বোচ্চ ১০(দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য আবেদন করতে পারবে। উদাহরণস্বরূপঃ কোন আবেদনকারী অন-লাইনের ফি জমার পর ১ম বার ৩(তিন) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করেছে, পরবর্তীতে সে প্রয়োজনে একইভাবে আরও ৭(সাত) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে।<br><br>(খ) টেলিটকের মাধ্যমে আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) জমা দেয়ার পর আবেদনকারী নির্ধারিত ওয়েবসাইটে এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ড, পাসের সন ও রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে এন্ট্রি দেয়ার পর- শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য ও এসএসসি পরীক্ষার GPA দেখতে না পেলে, তাকে অন-লাইনে আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) জমা দেয়ার Money Receipt টি এন্ট্রি দিতে হবে। পরবর্তীতে ৩০ মিনিট পর অন-লাইনে আবেদন করার জন্য পূর্বে উল্লেখিত পদ্ধতিটি অনুসণ করতে হবে। |
| ২.৩ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) | (ক) অন-লাইনে মুক্তিযোদ্ধা ও অন্যান্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থী তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে এবং পরবর্তীতে কলেজ/মাদরাসা কর্তৃক যাচাইকরণ হবে বিধায় কোটার অপসন (Option) দেয়ার ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। একজন প্রার্থী একাধিক কোটার যোগ্য হলে- প্রাথী তা অন-লাইনে দিতে পারবে। কোটাসমূহ হল- মুক্তিযোদ্ধা কোটা (FQ), শিক্ষা মন্ত্রণালয়ের অধঃস্তন দপ্তরসমূহ এবং উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা এবং প্রতিষ্ঠানের গভর্নিং বডির সদস্যদের সন্তানদের (স্কুল এন্ড কলেজের ক্ষেত্রে কলেজ পর্যায়ে গ্রুপের জন্য নিয়োজিত শিক্ষক, কর্মকর্তা/কর্মচারিগণ) কোটা (EQ), বিশেষ কোটা (SQ) এবং প্রবাসীদের সন্তানদের (পিতা/মাতা বিদেশে কর্মরত) কোটা (PQ)।<br><br>(খ) বিশেষ কোটা (SQ) যে সকল প্রতিষ্ঠানে বিশেষ কোটা (SQ) অনুমোদিত আছে- সে সকল প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সন্তানেরা এই বিশেষ কোটার জন্য আবেদন করতে পারবে। উল্লেখ্য যে, বিশেষ কোটায় আবেদনকারী শিক্ষার্থীকে, আবেদন চলাকালীন সময়ের মধ্যে (৯ জুন, ২০১৬) ঐ কোটার স্বপক্ষে প্রামান্য কাগজপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে দাখিল করতে হবে। |

| ধাপসমূহ | অনলাইনে আবেদনের জন্য করণীয় |
|---|---|

**৩। SMS-এর মাধ্যমে আবেদনের জন্য করণীয়ঃ**

| | |
|---|---|
| ৩.১ SMS-এর মাধ্যমে আবেদন | শুধুমাত্র টেলিটকের মোবাইল সিম (প্রি-পেইড) ব্যবহার করে SMS-এর মাধ্যমে প্রার্থীরা আবেদন করতে পারবে। নিম্নলিখিত নিয়মে SMS-এর মাধ্যমে আবেদন করতে হবে।<br>ধাপ ১ঃ মোবাইলে মেসেজ অপসন (Message Option) এ গিয়ে টাইপ করতে হবে -<br>CAD<space> ভর্তিচ্ছু কলেজের/মাদরাসার EIIN <space> ভর্তিচ্ছু গ্রুপের Key word-এর দুই অক্ষর <space> এসএসসি/সমমান পরীক্ষা পাসের বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <space> এসএসসি/সমমান পরীক্ষা পাসের রোল নম্বর <space> এসএসসি/সমমান পরীক্ষা পাসের সন (চার অংকের সংখ্যা) <space> রেজিস্ট্রেশন নম্বর <space> ভর্তিচ্ছু শিফটের নামের প্রথম অক্ষর (শিফট না থাকলে N দিতে হবে)<space> ভার্সনের প্রথম অক্ষর লিখে 16222 নম্বরে Send করতে হবে।<br>ধাপ ২ঃ কোটার জন্য (প্রয়োজ্য ক্ষেত্রে) টাইপ করতে হবে-<br>CAD <space> ভর্তিচ্ছু কলেজের/মাদরাসার EIIN <space> ভর্তিচ্ছু গ্রুপের নামের দুই অক্ষর <space> এসএসসি/সমমান পরীক্ষা পাসের বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <space> এসএসসি/সমমান পরীক্ষা পাসের রোল নম্বর <space> এসএসসি/সমমান পরীক্ষা পাসের সন (চার অংকের সংখ্যা) <space> রেজিস্ট্রেশন নম্বর (১০ অংকের সংখ্যা) <space> ভর্তিচ্ছু শিফটের নাম প্রথম অক্ষর (শিফট না থাকলে N দিতে হবে) <space> ভার্সনের প্রথম অক্ষর <space> কোটার জন্য দুই অক্ষর লিখে 16222 নম্বরে Send করতে হবে ।<br>উদাহরণঃ CAD 696954 SC DHA 123456 2016 1523678902 D B FQ<br>ব্যাখ্যা ঃ এখানে 696954 ভর্তিচ্ছু কলেজের/মাদরাসার EIIN, SC- ভর্তিচ্ছু গ্রুপের (Science) দুই অক্ষর, DHA- এসএসসি/সমমান পরীক্ষা পাসের বোর্ডের (Dhaka) নামের প্রথম তিন অক্ষর, 123456 - আবেদকারীর এসএসসি/সমমান পরীক্ষা পাসের রোল নম্বর, 2016- এসএসসি/সমমান পরীক্ষা পাসের সন, 1523678902- রেজিস্ট্রেশন নম্বর, D- শিফটের (Day) নামের প্রথম অক্ষর, B- ভার্সন (Bangla) এর প্রথম অক্ষর, FQ-মুক্তিযোদ্ধা (Freedom Fighter) কোটা (এ ভাবে শিক্ষা কোটা হলে EQ, বিশেষ কোটা SQ এবং প্রবাসীদের সন্তানদের জন্য কোটা হলে PQ দিতে হবে)।<br>▪ বোর্ডের নামের প্রথম তিন অক্ষর:<br>Dhaka Board এর জন্য DHA, Comilla Board এর জন্য COM, Rajshahi Board এর জন্য RAJ, Jessore Board এর জন্য JES, Chittagong Board এর জন্য CHI, Barisal Board এর জন্য BAR, Sylhet Board এর জন্য SYL, Dinajpur Board এর জন্য DIN, Madrasha Board এর জন্য MAD এবং Technical Education Board এর জন্য TEC এবং Bangladesh Open University এর জন্য BOU।<br>▪ ভর্তিচ্ছু গ্রুপের Key Word:<br>ক) সাধারণ শিক্ষা বোর্ড ঃ<br>Science এর জন্য SC, Humanities এর জন্য HU, Business Studies এর জন্য BS, Home Science এর জন্য HS এবং Islamic Studies এর জন্য IS এবং Music এর জন্য MC লিখতে হবে।<br>খ) মাদরাসা শিক্ষা বোর্ড ঃ<br>Science এর জন্য SC, General এর জন্য GE এবং Muzabbid এর জন্য MU লিখতে হবে।<br>গ) কারিগরি শিক্ষা বোর্ড ঃ |

| ধাপসমূহ | অনলাইনে আবেদনের জন্য করণীয় |
|---|---|
| | |

নিম্নের ছকে বিভিন্ন গ্রুপের Key Word সমূহ দেয়া হল-

| **Group Name** | **Key Word** | **Group Name** | **Key Word** |
|---|---|---|---|
| HSCVOC - Agro Machinery | AM | HSCVOC - Industrial Wood Working | IW |
| HSCVOC - Automobile | AU | HSCVOC - Poultry Rearing and Farming | PR |
| HSCVOC - Building Maintenance and Construction | BC | HSCVOC - Refrigeration and Air-conditioning | RA |
| HSCVOC - Clothing and Garments Finishing | CG | HSCBM - Accounting | HA |
| HSCVOC - Computer Operation and Maintenance | CO | HSCBM - Banking | HB |
| HSCVOC - Drafting Civil | DC | HSCBM - Computer Operation | HC |
| HSCVOC - Electrical Works and Maintenance | EW | HSCBM - Entrepreneurship Development | HE |
| HSCVOC - Electronic Control and Communication | EC | HSCBM - Secretarial Science | HS |
| HSCVOC - Fish Culture and Breeding | FC | DCOM - Shorthand | DS |
| HSCVOC - Machine Tools Operation and Maintenance | MT | DCOM - Accounting | DA |
| HSCVOC - Welding and Fabrication | WF | | |

- <u>শিফটের Key word:</u>

  Morning এর জন্য M, Day এর জন্য D, Evening এর জন্য E এবং আবেদনকৃত কলেজে/মাদ্‌রাসার যদি কোন শিফট না থাকে তবে সিফটের স্থানে N লিখতে হবে।
- <u>ভার্সনের Key Word:</u>

  Bangla ভার্সনের জন্য B, English ভার্সনের জন্য E লিখতে হবে।
- <u>কোটার Key Word:</u>

  মুক্তিযোদ্ধা কোটার জন্য FQ, **শিক্ষা মন্ত্রণালয়-এর অধঃস্থন দপ্তরসমূহ এবং উচচ মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারি ও গভর্ণিং বডির সদস্যদের সন্তানদের** কোটার জন্য EQ লিখতে হবে। কোন আবেদনকারীর একাধিক কোটায় আবেদন করার যোগ্যতা থাকলে কমা (,) দিয়ে একাধিক কোটা উল্লেখ করতে হবে। যেমন-কোন শিক্ষার্থী মুক্তিযোদ্ধা এবং বিশেষ কোটায় আবেদনের যোগ্যতা থাকলে তাকে কোটার জন্য FQ, SQ লিখতে হবে। কোন আবেদনকারী উল্লেখিত কোটার আওতাধীন না হলে কোটার অপসনে কিছু লেখার প্রয়োজন নেই।

<u>ধাপ ৩: আবেদন ফি প্রদানের নিয়মঃ</u>

১ম ও ২য় ধাপে বর্ণিত SMS টি সফলভাবে সম্পন্ন হলে- ফিরতি SMS-এ আবেদনকারীর নাম, কলেজ/মাদরাসার EIIN ও নাম, গ্রুপের নাম এবং শিফটসহ ফি বাবদ ১২০/- (একশত বিশ টাকা মাত্র) কেটে নেয়া হবে এবং তা জানিয়ে একটি PIN Code প্রদান করা হবে। আবেদনে সম্মত থাকলে Message অপশন গিয়ে CAD <space> Yes <space> PIN <space> Contact mobile number (নিজের ব্যবহৃত বায়োমেট্রিক নিবন্ধিত মোবাইল নম্বর) লিখে 16222 নম্বরে Send করতে হবে।

উদাহরণঃ CAD YES 1258234 (01 # # # # # # # # #)

এখানে 1258234- PIN এবং 01769156644- শিক্ষার্থীর/অভিভাবকের বায়োমেট্রিক নিবন্ধিত মোবাইল নম্বর।

| ধাপসমূহ | অনলাইনে আবেদনের জন্য করণীয় |
|---|---|
| | এখানে উল্লেখ্য যে, ৯ জুন, ২০১৬ তারিখ রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত আবেদন করা যাবে। SMS এর মাধ্যমে একজন আবেদনকারী একাধিক প্রতিষ্ঠানে/একই প্রতিষ্ঠানের একাধিক গ্রুপে অথবা একাধিক শিফটে আলাদাভাবে আবেদন করতে পারবে। তবে প্রতি ক্ষেত্রেই ফি বাবদ ১২০/- (একশত বিশ টাকা) প্রদান করতে হবে। এভাবে একজন প্রার্থী সর্বোচ্চ ১০টি আবেদন করতে পারবে। |
| **৪। পুনঃনিরীক্ষণ আবেদনকরীদের নির্দেশনাঃ** | |
| ৪.১ | যে সমস্ত শিক্ষার্থী **পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করেছে, তাদেরকেও ২৬ মে থেকে ৯ জুন ২০১৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের চাহিদাকৃত নূন্যতম GPA ও অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে অবশ্যই ভর্তির জন্য আবেদন করতে হবে। কোন শিক্ষার্থীর ফল পরিবতিত হলে, পূর্বে আবেদনকৃত প্রতিষ্ঠান ছাড়া অন্য কোন প্রতিষ্ঠানে আবেদনের নূন্যতম GPA এর শর্তপূরণ হলে- ঐ সমস্ত সকল প্রতিষ্ঠানে ৯ জুন ২০১৬ তারিখ ১১:৫৯ মিঃ পর্যন্ত আবেদন করতে পারবে।** |

## ৫। মুক্তিযোদ্ধা, শিক্ষা কোটা এবং বিশেষ কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসনঃ

**৫.১ ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর বিভাগীয় জেলা এবং জেলা সদরের কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজে/ সমমানের প্রতিষ্ঠানের ৮৯% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে এবং অবশিষ্ট আসনের মধ্যে ৫% মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তানদের জন্য, ৩% বিভাগীয় এবং জেলা সদরের বাহিরের শিক্ষার্থীদের জন্য, ২% শিক্ষা মন্ত্রণালয়-এর অধঃস্থন দপ্তরসমূহ এবং উচচ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা, শিক্ষক, কর্মচারি ও গভর্ণিং বডির সদস্যদের সন্তানদের জন্য ০.৫% ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বি.কে.এস.পি) এর জন্য এবং ০.৫% প্রবাসীদের** (পিতা/মাতা বিদেশে কর্মরত) **সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। যদি উপর্যুক্ত কোটায় প্রার্থী না পাওয়া যায় তবে সাধারন কোটায় শিক্ষার্থী ভর্তি করা যাবে। মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। শিক্ষা, বি.কে.এস.পি এবং প্রবাসীদের সন্তান কোটার ক্ষেত্রেও ভর্তির সময় উপযুক্ত প্রমানপত্র দাখিল করতে হবে।**

**৫.২ ভর্তির নীতিমালা-২০১৬ যা কিছুই থাকুন না কেন স্কুল এন্ড কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিজস্ব প্রতিষ্ঠান হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ প্রতিষ্ঠান নির্ধারিত যোগ্যতা সাপেক্ষে স্ব স্ব বিভাগে (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) অগ্রাধিকার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে।** তবে তার নিজস্ব প্রতিষ্ঠানে ভর্তি হতে চাইলে- তাদেরকে অবশ্যই ঐ শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন করতে হবে। **প্রতিষ্ঠানের নিজস্ব শিক্ষার্থীদের স্ব স্ব বিভাগে ভর্তি নিশ্চিত করেই কেবল অবশিষ্ট শূণ্য আসনে প্রযোজ্য ক্ষেত্রে ধারা (**ভর্তি নীতিমালা-২০১৬ এর ধারা ৩ এর উপবিধান (৩.২) ও (৩.৩) **) অনুসরণ করে শিক্ষার্থী ভর্তি করানো যাবে।**

## ৬। ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ, মেধামান নির্ধারণ এবং ফলাফল প্রকাশ সম্পর্কিত **জ্ঞাতব্যঃ**

৬.১ একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০১৬ অনুসরণপূর্বক ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ ও মেধামান নির্ণয় করা হবে। আবেদনকারীদের বিভিন্ন কলেজ/মাদরাসা /সমমানের প্রতিষ্ঠানে আবেদনের ভিত্তিতে ঐ প্রতিষ্ঠানের নির্দিষ্ট গ্রুপ/শিফট/ ভার্সন ও সিট সংখ্যা এবং নিম্ন বর্ণিত নিয়মানুযায়ী মেধামান নির্ধারণপূর্বক একজন আবেদনকারী শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে- সব কলেজেই তার মেধাক্রম নির্ধারণ করা হবে।

৬.২ (ক) সমান জিপিএ প্রাপ্তদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারন করা হবে। বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা বোর্ড ও বাংলাদেশ উম্মক্ত বিশ্ববিদ্যালয় এর ক্ষেত্রে গ্রেড পয়েন্ট ও প্রাপ্ত নম্বর সমতুল্য করে হিসাব করতে হবে।

(খ) বিজ্ঞান গ্রুপে ভর্তির ক্ষেত্রে সমান মোট নম্বর প্রাপ্তদের মেধাক্রম নির্ধারনের ক্ষেত্রে সাধারন গণিত ও উচ্চতর গণিত /জীববিজ্ঞানে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনতে হবে।

(গ) দফা (খ) এর বিধান সত্ত্বেও যদি প্রার্থী বাছাইকল্পে উদ্ভুত জটিলতা নিরসন না হয়, তবে পর্যায়ক্রমে ইংরেজি, পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞানে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনতে হবে।

(ঘ) মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের ক্ষেত্রে সমান মোট নম্বর বিষয়টি নিস্পত্তির লক্ষ্যে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনতে হবে।

(ঙ) এক গ্রুপের প্রার্থী অন্য গ্রুপে ভর্তির ক্ষেত্রে জি.পি.এ একই হলে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থী বাছাইকল্পে উদ্ভুত জটিলতা নিরসন না হলে পর্যায়ক্রমে ইংরেজি, গণিত ও বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর বিবেচনায় আনতে হবে।

৬.৩। ফলাফল প্রক্রিয়াকরণের পর নির্দিষ্ট তারিখে শিক্ষার্থীদেরকে বার্তার মাধ্যমে ফলাফল জানানো হবে এবং একই সাথে SMS বার্তায় একটি গোপনীয় Personal Identification Number (PIN) প্রদান করা হবে। এই পিন নম্বরটি পরবর্তীতে ভর্তি নিশ্চায়নের জন্য সংরক্ষণ করতে হবে। তাছাড়াও শিক্ষার্থীরা এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ড, পাসের সন, রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে ভর্তির ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd থেকে ভর্তির বিস্তারিত ফলাফল জানতে পারবে।

## ৭। শিক্ষার্থীদের ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্যঃ

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| ৭.১ লগইন (Login) | শিক্ষার্থী তার রোল নম্বর, বোর্ড পাসের সন এবং রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ভর্তির ওয়েবসাইট www.xiclassad-mission.gov.bd-এ Login করলে শিক্ষার্থীর নাম, নির্বাচিত/ অপেক্ষামান স্থান, কলেজ/মাদরাসাসমূহের নাম, সংশ্লিষ্ট কলেজ/মাদরাসায় বরাদ্দকৃত গ্রুপ/শিফট/ভার্সন ও অন্যান্য তথ্যসমূহ দেখতে পাবে এবং প্রয়োজনে উক্ত ফরমটি প্রিন্ট নিতে পারবে । |
| ৭.২ সংশ্লিষ্ট কলেজ/মাদরাসায় ভর্তি এবং ভর্তি নিশ্চায়ন | শিক্ষার্থী প্রিন্টকৃত ভর্তি ফরমটি অথবা SMS-এর মাধ্যমে প্রাপ্ত ফলাফল নিয়ে সংশ্লিষ্ট কলেজ/মাদরাসায় ভর্তির জন্য যোগাযোগ করবে। এখানে উল্লেখ্য যে, শিক্ষার্থী যে কলেজ/মাদরাসায় ভর্তি হবে, সেই কলেজ কর্তৃপক্ষকে ভর্তি নিশ্চায়নের জন্য SMS-এর মাধ্যমে প্রাপ্ত PIN কোড দিতে হবে।<br>কলেজ/মাদরাসার ভর্তি কমিটি শিক্ষার্থীর SMS এ প্রাপ্ত PIN কোড এন্ট্রি করে ব্যবহারপূর্বক নিশ্চায়ন করলে (উক্ত কলেজ/মাদরাসার নির্ধারিত ফি ও প্রয়োজনীয় কাগজপত্র প্রদান সাপেক্ষে) শিক্ষার্থী ভর্তি নিশ্চিত হয়ে যাবে এবং শিক্ষার্থীর তার মোবাইলে একটি ভর্তি নিশ্চায়নের SMS পাবে। |

## ৮। সংশ্লিষ্ট কলেজ/মাদরাসা কর্তৃপক্ষের করণীয় বিষয়সমূহ:

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| ৮.১ লগইন (Login) | প্রতিটি কলেজ/মাদরাসা কে অনলাইনে আলাদাভাবে ভর্তি সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য বোর্ডের বিভিন্ন কাজের জন্য ব্যবহৃত কলেজ/মাদরাসার User ID ও Password ব্যবহার করে website (www.xiclassadmission.gov.bd)- লগ-ইন করতে হবে। |
| ৮.২ আবেদনকারীদের তথ্য, নির্বাচিত ও অপেক্ষমান শিক্ষার্থীদের তালিকা এবং ভর্তির ফলাফল Download করণ | সংশ্লিষ্ট কলেজ/মাদরাসা ঐ কলেজ/মাদরাসায় ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান আবেদনকারীদের (গ্রুপ/শিফট/ভার্সন অনুযায়ী) তথ্য দেখার ও প্রিন্ট করার ব্যবস্থা থাকবে। বিভিন্ন সময়ে ঘোষিত ফলাফল (নির্বাচিত ও অপেক্ষমান) ভর্তির ওয়েবসাইট (www.xiclassadmission.gov.bd)-থেকে Download করার ব্যবস্থা থাকবে। সফট্ওয়্যার সিস্টেমটিতে প্রত্যেকটি কলেজ/মাদরাসা তার মোট আবেদনকারীর সংখ্যা, গ্রুপ/শিফট/ভার্সন অনুযায়ী নির্বাচিত ও অপেক্ষামান (প্রযোজ্য ক্ষেত্রে), প্রার্থীদের তালিকা ও সংখ্যা, ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা এবং বর্তমানে খালি আসনের সংখ্যা দেখার ব্যবস্থা থাকবে। |
| ৮.৩ বিশেষ কোটায় আবেদনকৃত শিক্ষার্থীদের কোটা প্রাপ্তির দলিলাদি যাচাইকরণ | বিশেষ কোটায় (SQ) আবেদনকৃত শিক্ষার্থীকে বিশেষ কোটা প্রাপ্তির বিষয়ে প্রামান্য কাগজপত্র সহ ৯ জুন ২০১৬ইং তারিখে মধ্যে উপস্থিত হয়ে সংশ্লিষ্ট কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠানে দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কলেজসমূহ শিক্ষার্থীদের দাখিলকৃত প্রামান্য কাগজপত্র যাচাইপূর্বক অন-লাইনে বিশেষ কোটা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে হবে। |
| ৮.৪ ভর্তির আবেদন ফরম সংগ্রহ অথবা SMS যাচাইকরণ | সংশ্লিষ্ট কলেজ/মাদরাসার ভর্তি কমিটি শিক্ষার্থীদের কাছ থেকে ফলাফলের প্রিন্ট কপি অথবা শিক্ষার্থীদেরকে পাঠানো SMS যাচাইপূর্বক ভর্তির জন্য অনুমতি প্রদান করবেন। অতঃপর আবেদনকারী শিক্ষার্থী কলেজ/মাদরাসার ভর্তি ফি ও অন্যান্য কাগজপত্র জমাদান করে ভর্তি হবে। কলেজ/মাদরাসা কর্তৃপক্ষ বোর্ড থেকে ইস্যুকৃত Original একাডেমিক ট্রান্সক্রিপ্ট/মার্কস সীট শিক্ষার্থী থেকে নিয়ে সংরক্ষণ করবেন। |
| ভর্তি নিশ্চায়ন | ভর্তির জন্য নির্বাচিত যে সকল শিক্ষার্থী সংশ্লিষ্ট কলেজ/মাদরাসায় নির্ধারিত ভর্তি ফি জমা দিয়েছে, তাদেরকে নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজ/মাদরাসা শিক্ষার্থীদের ভর্তির নিশ্চায়ন করবে। নিশ্চায়নের ক্ষেত্রে ভর্তি |

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| | কমিটি দায়িত্বপ্রাপ্ত শিক্ষক/কর্মকর্তাগণ ভর্তিচ্ছু শিক্ষার্থীর নিকট থেকে PIN কোডটি (SMS-এ প্রাপ্ত) ব্যবহারপূর্বক ভর্তির নিশ্চায়ন করবেন। এখানে উল্লেখ্য যে, PIN কোড ছাড়া শিক্ষার্থীকে ভর্তির নিশ্চায়ন করা যাবে না। |
| ৮.৫ কোটায় নির্বাচিত প্রার্থীদের দাখিলকৃত দলিলাদি যাচাইকরণ এবং প্রার্থীদের ভর্তি নিশ্চায়ন | বিভিন্ন কোটায় নির্বাচিত আবেদনকারীদের প্রামান্য কাগজপত্র যাচাইকরণ ছাড়া ভর্তি করা যাবে না।<br><br>কোন প্রার্থী কোটায় নির্বাচিত হলে শিক্ষার্থীকে ঐ কোটার সম্পর্কিত প্রামান্য কাগজপত্র সংশ্লিষ্ট কলেজ/মাদরাসা কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। কলেজ/মাদরাসা কর্তৃপক্ষ জমাদানকৃত প্রামান্য কাগজপত্র যাচাই এর পর- তথ্য সঠিক হলেই প্রার্থীকে ভর্তির অনুমতি প্রদান করবে। শিক্ষার্থী অন্যান্য আবেদনকারীদের ন্যায় ভর্তি ফি ও প্রয়োজনীয় কাগজপত্র জমাপূর্বক সংশ্লিষ্ট কলেজ/মাদরাসায় ভর্তি হবে এবং কলেজ/মাদরাসা কর্তৃপক্ষ তা অন-লাইনে ভর্তিচ্ছু শিক্ষার্থীর নিকট থেকে PIN (SMS এ প্রাপ্ত) কোডটি ব্যবহারপূর্বক নিশ্চায়ন করবেন। প্রবাসী কোটার ক্ষেত্রে বৈদেশিক কর্মসংস্থান ও প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় থেকে বিদেশে কর্মরত (পিতা/মাতা) সংক্রান্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। জেলা/বিভাগ ও বিকেএসপি কোটার ক্ষেত্রে কোন প্রামান্য কাগজপত্র দাখিল করতে হবে না।<br><br>এখানে উল্লেখ্য যে, ভর্তির পর শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমানিত হলে তার ভর্তি বাতিল হয়ে যাবে। |

৯। ভর্তি, ক্লাস শুরু এবং গ্রুপ /বিষয় পরিবর্তন ঃ

**২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত সময়সূচি অনুসরন করতে হবে।**

| ক্রমিক নং | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৯.১ | ভর্তির অন-লাইন ও এসএমএস আবেদন গ্রহণ (যারা পুনঃ নিরীক্ষণের জন্য আবেদন করবে তাদের এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) | ২৬/০৫/২০১৬ থেকে ০৯/০৬/২০১৬ |
| ৯.২ | ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ | ১৬/০৬/২০১৬ |
| ৯.৩ | আসনের বিপরীতে নির্বাচিত (Selected) শিক্ষার্থী ভর্তি ও নিশ্চায়ন | ১৮/০৬/২০১৬ থেকে ২২/০৬/২০১৬ |
| ৯.৪ | অপেক্ষামান তালিকা থেকে শিক্ষার্থী ভর্তি ও নিশ্চায়ন | ২৩/০৬/২০১৬ থেকে ৩০/০৬/২০১৬ |
| ৯.৫ | ক্লাস শুরু করার তারিখ | ১০/০৭/২০১৬ |
| ৯.৬ | বিলম্ব ফিসহ ভর্তি | ১০/০৭/২০১৬ থেকে ২০/০৭/২০১৬ |
| ৯.৭ | কলেজ কর্তৃক রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বোর্ডে জমা প্রদান | ০৭/০৮/২০১৬ থেকে ১৮/০৮/২০১৬ |
| ৯.৮ | ভর্তিকৃত শিক্ষার্থীগণের একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি জমার স্লিপ বোর্ডে জমা প্রদান | ২২/০৮/২০১৬ থেকে ৩১/০৮/২০১৬ |

**সভাপতি**

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি

ও

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।